4023 I-2441 1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

Act II of 1922 and Section 2 of the Calcutta Improvement Act, 1911. No. 3384

Stamp Duty Paid under the Indian Stamp Act, 1899 as amended ... Rs. 990/-

Additional duty Paid under the Calcutta Improvement Act, 1911 Rs. 3960/- Excess 10/-

Total Rs. 4960/-

ADDL. DIST. SUB-REGISTRAR.
ALIPURE, SOUTH 24-PARGANAS
29-6-2000

2810/- 21958

M.V. Unmarried Daughter

R 1,98,

M.V. Rs 198000/- assessed by the ADSR Alipore and the deficit stamp duty Rs 2150/- and deficit ... Rs 1518/- are to be paid ... his spl order on 27.6.2000

ADSR Alipore 29.6.2000

3384

A-6491 D 36 6561

॥ স্থাবর সম্পত্তি দানপত্র দলিল মূল্য ৬০,০০০.০০ ষাট হাজার টাকা ॥

| দানপত্র গ্রহীতা — | | দানপত্র দাতা — |
| --- | --- | --- |
| কুমারী জয়ন্তী ভট্টাচার্য্য, | X | শ্রীযুক্ত সুধীর কুমার ভট্টাচার্য্য, |
| পিতা শ্রীযুক্ত সুধীর কুমার ভট্টাচার্য্য, | X | পিতা মৃত শশীকান্ত ভট্টাচার্য্য, |
| জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, | X | জাতি হিন্দু, পেশা অবসরপ্রাপ্ত, |
| সাং কামডহরি, থানা রিজেন্টপার্ক, | X | সাকিন কামডহরি, থানা রিজেন্টপার্ক, |
| পোঃ গড়িয়া, কলিকাতা- ৭০০০৮৪। | X | পোঃ গড়িয়া, কলিকাতা- ৭০০০৮৪। |
| ৬৮, ব্যানার্জী পাড়া, এবং জি-২৭-এ কলি | X | ৬৮নং, ব্যানার্জী পাড়া, এবং জি ২৭ এ, কলি |

Amounting to Rs. 2150 ... 23.6.2000 ... Treasury Challan dt. 27.6 ... of this deed of Sale ... Settlement / Partition / Exchange ... from Miss Jayanti Bhattacharya

... 1518 ... realised ... per M.R. No. 1497 dt. 29.6.2000

জিলা —.....

Addl. District Sub Registrar
Alipore South 24 Pgs.
29.6.2000

Addl. District Sub Registrar
Alipore South 24 Pgs.
29.6.2000

Sl. No. 8732
Sold to ........ Bandyopadhyay
of ........ Advocate
Alipore

Calcutta Collectorate,
Treasury
Date 9-6-1998 ........ Treasurer

Execution is admitted by
Sudhir Kumar Bhattacharjee
S/o Lt. Sashi Kanta
Bhattacharjee Kamdahari
Regent Park
Garia
Cal - 84

1000X2 = 2000/-
500/-
100X3 = 300/-
2810/-

Presented for Registration
AM/PM on the 2nd
day Sep 199 , at the
Office
Sudhir Kumar Bhattacharjee

Add. District Sub Registrar
Alipore South 24 Pgs.
2 SEP

Identified by
Ujjwal Bhattacharjee
S/o.
Vill. 87/A P.M.
Ray Rd
Cal - 27

শ্রীসুধীর কুমার ভট্টাচার্য্য

4544

শ্রীসুধীর কুমার ভট্টাচার্য্য

Ujjwal Bhattacharjee
87/A P.M. Roy Rd. Cal-27.

Add. District Sub Registrar
Alipore South 24 Pgs.
2 SEP 1998

Add. District Sub Registrar
Alipore South 24 Pgs.

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

২

জিলা দক্ষিণ চব্বিশ পরগণা, থানা রিজেন্টপার্ক, সাবরেজেস্ট্রী অফিস আলিপুর, মৌজা কামডহরি, আর, এস, খতিয়ান নং ৬২৯, দাগ নং ১৬৩।৩১৮, জে, এল, নং ৪৯, ভুক্ত কমবেশ ১(এক) কাঠা ৮(আট) ছটাক জমির মধ্যে ১২(বার) ছটাক জমি সায় তদ্‌পরিস্থিত আংশিক পাকা ইটের দেওয়াল যুক্ত টালির ছাউনি বিশিষ্ট গৃহাদি সায় সাজপাট আকর আওলাতাদি সহ সকল প্রকার ইজমেন্ট ও বর্ত্ত স্বত্বাদি সহ সম্পত্তির দানপত্র মিদং -

কার্য্যাশ্চাগে : ——

আমি শ্রী সুধীর কুমার ভট্টাচার্য্য, পিতা মৃত শশীকান্ত ভট্টাচার্য্যের

500 Rs.






জ্যেষ্ঠ পুত্র অত্র দানপত্র দাতা আমার বর্তমান বয়স ৭৩ বৎসর, দীর্ঘকাল জীবন সংঘাতে কাটাইয়া পর্য্যুদস্ত হইয়া পড়িয়াছি ।

আমার ঔরসজাত একমাত্র পুত্রের নাম শ্রীমান সুবীর কুমার ভট্টাচার্য্য পেশা ওকালতি ও চার কন্যা যাহার মধ্যে প্রথমা কন্যা বিবাহিতা শ্রীমতী তপতী আচার্য্য , তৃতীয়া কন্যা বিবাহিতা শ্রীমতী বর্ণালী ঘোষ ও চতুর্থ কন্যা বিবাহিতা শ্রীমতি পাপীয়া চক্রবর্ত্তী, ও আমার দ্বিতীয়া কন্যা অবিবাহিতা কুমারী জয়ন্তী ভট্টাচার্য্য । আমি বিপত্নীক আমার স্ত্রী ২০শে সেপ্টেম্বর ১৯৬৬ সনে স্বর্গতা হন । আমি দ্বিতীয়বার বিবাহ করি নাই ।

100Rs.






বর্তমানে আমি ও আমার অবিবাহিতা দ্বিতীয়া কন্যা শ্রীমতি জয়ন্তী ভট্টাচার্য্য আমার পৈতৃক ভিটায় বসবাস করিতেছি যাহা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত হইয়াছি এবং যাহা অত্র দলিল ভুক্ত সম্পত্তি হইতেছে ।

আমার পুত্র শ্রীমান সুধীর কুমার ভট্টাচার্য্যর জন্ম হয় ২২শে অক্টোবর ১৯৪৭ সন সাবেক পূর্ব্ব পাকিস্থানের ফরিদপুর জেলার অন্তর্গত পালং গ্রামে আমার মাতুলালয়ে । ১৯৫৩ সন হইতে সে আমার পিতার নিকট ছিল । ১৯৫৬ সন হইতে তাহার খোরপোষ বাবদ ২৫.০০ টাকা মাসে দেওয়া

100Rs.






যাইত । যখন আমার স্ত্রী এখানে থাকিত তখন সমুদয় খরচ দিয়া থাকিতাম । ১৯৬৫ সনের ডিসেম্বর মাস হইতে আমার অসুস্থ স্ত্রী অপর চার কন্যা সহ মৃত্যু পর্য্যন্ত ছিলেন । স্ত্রীর মৃত্যুর পর হইতে ১৬ই ডিসেম্বর ১৯৭৭ সন পর্য্যন্ত যৌথ সংসারে আমার পিতা মাতা থাকিতেন । হায়ার সেকেণ্ডারি পাশ করা পর্য্যন্ত সমুদয় খরচ আমার ছিল ।

ইহা প্রকাশ থাকে যে, আমার পিতার উক্ত ১(এক) কাঠা ৮ (আট) ছটাক জমি যাহা আমি ও আমার ভ্রাতা শ্রী অধীর কুমার ভট্টাচার্য্য

100Rs.

INDIA NON JUDICIAL

१००रु.　Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये　ONE HUNDRED RUPEES



উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত  হইয়াছি তাহা বাদে  আমাদের পিতার উক্ত সম্পত্তি সংলগ্ন আরও ৫(পাঁচ) কাঠা ১৩(তের) ছটাক বাস্তু জমি সায় গৃহাদি  সম্পত্তি ছিল , যাহা আমার একমাত্র পুত্র আমার পিতার মৃত্যুর ছয় দিন পূর্বে তাহার অসুস্থতার সুযোগে ১৯৮৩ সালের ৪ঠা ফেব্রুয়ারী তাহার নিজ নামে দানপত্র দলিল করিয়া লয় । উক্ত ঘটনা জ্ঞাত  হইবার পর আমার ভ্রাতা শ্রী অধীর কুমার ভট্টাচার্য্য আলিপুরের তৃতীয় সহকারী জেলা জজ বাহাদুরের আদালতে  ১৯৮৩ সালের ১১৩ নং  দেওয়ানী মোকর্দ্দমা দায়ের করেন । যাহাতে আমিও পক্ষভুক্ত হই এবং যাহা অদ্যাবধি বিচারাধীন

10 Rs.






আছে। ইহা আমার পুত্রের গর্হিত অন্যায় ও ইহা ক্ষমার অযোগ্য।

ইহা আরও প্রকাশ থাকে উক্ত পুত্র তাহার কৃত কর্তব্যচ্যুত হইয়াছে এবং আমার ও আমার অপরাপর কন্যাদের সহিত দুর্ব্যবহার করিয়া আসিতেছে। আমার আশঙ্কা আমার অবর্তমানে আমার অবিবাহিতা কন্যাকে আমার ক্ষুদ্র সম্পত্তি হইতেও বঞ্চিত করিবে ও কন্যা আশ্রয়হীনা হইবে। আমার উক্ত কন্যাই বর্তমানে আমার প্রতি কৃত কর্তব্য সম্পাদন করিতেছে ও আমার যথার্থ সেবাযত্ন করিতেছে, সে তাহার সুখ স্বাচ্ছন্দ ত্যাগ করিয়া আমার কাছে থাকিয়া আমার দেখভাল করায় সে আমার বিশেষ স্নেহভাজন হইতেছে।

এমতাবস্থায় আমি অত্র দানপত্র দলিল দ্বারা আমার উক্ত সম্পত্তি যাহা নিম্ন তপশীলে বিস্তারিতভাবে বর্ণিত করা হইয়াছে তাহা আমি আমার অবিবাহিতা কন্যা কল্যানীয়া জয়ন্তী ভট্টাচার্য্যকে নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় ষোল আনা নিব্যূঢ় সুত্রে দান করিলাম। আমার উক্ত কন্যা নিজে এবং ভবিষ্যতে বিবাহ করিলে স্বামী সন্তানাদি সহ সুখে বসবাস করিতে পারিবে। প্রয়োজনে উক্ত সম্পত্তি বিক্রয় হস্তান্তর, বন্ধক দান প্রভৃতি কার্য্য করিবার অধিকারীনি হইবে। ইহাতে আমার ও আমার অপরাপর উত্তরাধিকারীগণের কোনরূপ ওজর আপত্তি গ্রাহ্য হইবে না বা যে কোন আদালতে উহা অগ্রাহ্য হইবে।

এতদর্থে সুস্থ শরীরে সরল অন্তঃকরণে অন্যের বিনানুরোধে বা বিনা প্ররোচনায় দানপত্র দলিলের সকল মর্ম্ম সম্যক রূপে অবগত হইয়া এবং ইহার ভাবী ফলাফল উপলব্ধি করিয়া অত্র দানপত্র দলিলের আমার নাম যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী ১৯৯৮ সালের ৪ঠা সেপ্টেম্বর, মোতাবেক বাংলা ১৪০৫ সালের ১৮ই ভাদ্র।

॥ দানকৃত সম্পত্তির তপশীল ॥

জিলা দক্ষিণ ২৪ পরগণা, থানা রিজেন্টপার্ক, সাবরেজেষ্ট্রী অফিস আলিপুরের অন্তর্গত মৌজা কামডহরী, আর, এস, খতিয়ান নং ৬২১, দাগ নং

দাগ নং ১৬৩।৩১৮ জে, এল, নং ৪১, ভুক্ত কমবেশ ১২ ছটাক জমিজমা সায় তদুপরিস্থিত আংশিক পাকা ইটের দেওয়াল যুক্ত টালির ছাউনি বিশিষ্ট গৃহাদি সায় সাজপাট আকর আওলাতাদি সহ সকল প্রকার ইজমেন্ট বর্ত্ম স্বত্ত্বাদি সহ সম্পত্তি যাহা বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশন এর ১১১ নং ওয়ার্ড ভুক্ত ৬৮ নং ব্যানার্জ্জী পাড়া , এবং জি- ২৭ এ গড়িয়া , কলিকাতা- ৭০০০৮৪ প্রেমিসেসরূপে চিহ্নিত ও পরিচিত , এবং অত্র সহ দাখিলী নক্সায় লাল রঙে বর্ণিত । যাহার মূল্য আনুমানিক — ৬০,০০০.০০ ( ষাট হাজার টাকা) মাত্র ।

ইহার চৌহদ্দি : —

উত্তর - সুধীর কুমার ও অধীর কুমার ভট্টাচার্য্যর জমি ।

দক্ষিণ - অধীর কুমার ভট্টাচার্য্যর জমি ।

পূর্ব্ব - ৪' চার ফুট কমন রাস্তা

পশ্চিম .....

পরিচয় - সুধীর কুমার ও অধীর কুমার ভট্টাচার্য্যর জমি ।

**সম্মতি** —

আমি জয়ন্তী ভট্টাচার্য্য অত্র দানপত্র
দলিল পাঠ করিয়া মর্ম্ম সম্যক অবগত
হইয়া ও ইহার ফলাফল অনুধাবন করিয়া
আপনার দানকৃত সম্পত্তি সাদরে গ্রহণ
করিয়া অত্র দলিলে সম্মতিসূচক সহি সম্পাদন
করিলাম ।

শ্রী সুধীর কুমার ভট্টাচার্য

দানপত্র দাতার স্বাক্ষর

কুমারি জয়ন্তী ভট্টাচার্য্য

দানপত্র গ্রহীতার স্বাক্ষর

**সাক্ষীগণ** -

১) ইলাবতী ঘোষ
এ ৪০ গড়িয়া [illegible]
গড়িয়া কলি. ৮৪

২) Ujjwal Bhattacherjee.
87/A, Peary Mohon Roy Rd.
Chetla, Calcutta-700027.

মুসাবিদাকারক, -
কমলবন্দ্যোপাধ্যায়
কমল বন্দ্যোপাধ্যায়,
আইনজীবি,
আলিপুর জজকোর্ট, কলিঃ ২৭।

টাইপ কারক, -
[illegible]
আলিপুর জজকোর্ট,
কলিকাতা- ২৭ ।

ইংরাজী সন ১৯৯৮ সালের সেপ্টেম্বর ।

বাংলা সন ১৪০৫ সালের ভাদ্র ।

৬০,০০০.০০

ষাট হাজার টাকা মূল্যের দানপত্র দলিল ।

দানপত্র গ্রহীতা —

কুমারী জয়ন্তী ভট্টাচার্য্য ।

দানপত্র দাতা —

শ্রীযুক্ত সুধীর কুমার ভট্টাচার্য্য ।


মুসাবিদাকারক, -

কমল বন্দ্যোপাধ্যায়,
আইনজীবি,
আলিপুর জজকোর্ট,
কলিকাতা- ২৭ ।

টাইপ কারক, -

মিহির কুমার দে, -
আলিপুর জজকোর্ট,
কলিকাতা- ২৭ ।

DEED PLAN OF PREMISES NO 68
BANERJEE PARA (G27 A GARIA),
CALCUTTA-84. WORD NO. 111.
MOUZA= KAMDAHARI, J.L. NO-49.
R.S. DAG NO. 163/3181. KHATIAN NO-629.
P.S. REGENT PARK. DIST-24 PARGANAS (S)
SCALE 16'=1" INCH




DONER- SUDHIR KR. BHATTACHRJEE.
DONEE- KUMERI JAYONTI BHATTACHERJEE.

DRAWN BY. K. MUKHERJEE

শ্রী সুধীর কুমার ভট্টাচার্য